# হাদিস শাস্ত্রের পরিভাষা পরিচিতি

বিভাগ/অধ্যায়ঃ হাদিসে কুদসি

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

হাদিসে কুদসি ও হাদিসে নববির পার্থক্য

১. হাদিসে কুদসি আল্লাহর পক্ষ থেকে স্পষ্ট বা অস্পষ্ট অহি: স্পষ্ট অহি, যেমন জিবরীলের মাধ্যমে প্রাপ্ত হাদিস; অস্পষ্ট অহি, যেমন ঘুম বা প্রত্যাদেশ যোগে প্রাপ্ত হাদিস। পক্ষান্তরে হাদিসে নববি কতক অহি ও কতক নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের ইজতিহাদ, তার ইজতিহাদ অহি। কারণ, তার ইজতিহাদ ভুল হলে আল্লাহ সংশোধন করে দেন, ভুলের উপর তাকে স্থির রাখেন না।

২. হাদিসে কুদসি নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর সাথে সম্পৃক্ত করে বলেন, কিন্তু হাদিসে নববি তিনি নিজের পক্ষ থেকে সরাসরি বলেন।

৩. হাদিসে কুদসিতে সাধারণত আল্লাহ তা'আলার পবিত্রতা, গুণগান, কুদরত, রহমত, মাগফেরাত, জান্নাত, জাহান্নাম, ইবাদতের প্রতি আগ্রহ সৃষ্টি ও পাপ থেকে সতর্ককারী বিষয়ের আধিক্য থাকে। পক্ষান্তরে হাদিসে নববিতে অধিকহারে মুসলিমের দীনি ও দুনিয়াবি বিষয়ের বর্ণনা থাকে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8414

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন